

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

নম্বর-৪৮.০২.০০০০.০০১.০০.১৫.১০-

৬৪৮

তারিখঃ

২৯ ফাল্গুন, ১৪২৭ বঃ

২৪ মার্চ, ২০২১ খ্রিঃ

বিষয় : বীর মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই প্রতিবেদন প্রেরণে বিলম্ব প্রসঙ্গে।

সূত্র : জামুকার স্মারক নং-৪৮.০২.০০০০.০০১.০০.১৫.১০-০৮; তারিখ-১৫/০২/২০২১।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সুপারিশবিহীন বীর মুক্তিযোদ্ধাদের বেসামরিক গেজেট নিয়মিতকরণের লক্ষ্যে গত ৩০ জানুয়ারি, ২০২১ ও ০৬ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে দেশব্যাপী উপজেলা/ মহানগর পর্যায়ে যাচাই-বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। উক্ত যাচাই-বাছাই এর প্রতিবেদন নির্ধারিত হকে যাচাই-বাছাই সম্পন্ন হওয়ার অনধিক ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশনা থাকা সত্ত্বেও অদ্যাবধি অনেক উপজেলা হতে প্রতিবেদন পাওয়া যায়নি যা দুঃখজনক। বর্ণিত প্রতিবেদন না পাওয়ার কারণে একদিকে যেমন বীর মুক্তিযোদ্ধাদের বেসামরিক গেজেট নিয়মিতকরণ কার্যক্রম বিলম্বিত হচ্ছে অন্যদিকে উপজেলা পর্যায়ে নানাবিধ অনিয়মের অভিযোগ উত্থাপিত হচ্ছে। এটি কোনমতেই কাম্য নয় এবং ২৬ মার্চ/২১ বীর মুক্তিযোদ্ধাগণের চূড়ান্ত তালিকা প্রকাশে সমস্যা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, পত্র পাওয়া মাত্র ২৪ ঘন্টার মধ্যে নির্ধারিত হকে অত্র দপ্তরের ই-মেইল dg@jamuka.gov.bd (পিডিএফ ও ডক ফাইল এবং হার্ড কপি পত্র বাহক) মাধ্যমে প্রতিবেদন পাঠানোর জন্য বলা হল।


১৪/০৩/২০২১

(মো: জহুরুল ইসলাম রোহেল)

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৮৩১৩৪০৬

ই-মেইল-dg@jamuka.gov.bd

অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। বিভাগীয় কমিশনার (সকল)।

২। জেলা প্রশাসক (সকল)।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।